

ছড়ার মতো, হাওয়ায় হিম

হাওয়ায় হিম, পৃথিবী তাই
বনের ডালে পাতা খসায়।
মাঘের শীতে কিসের শোক
অন্ধকারে ভরে ত্রিলোক,
তাই কি তার সব সুখের
অন্তরায়?

তবুও কেন স্থলিত পায়ে
লোকটা একা কোথায় যায়?
মরেনি আশা, যদিও তার
ভরে না মন, ত্রিসংসার
যখন থাকে মৌনমুখে
নিশ্চতন।

তখনো জ্বলে দু'চোখে তার
অতল এক হীরের ধার,
যখন ডোবে তিমির তলে
দূর গগন।

নরেশ গুহ

